# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

"প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রীজেস"

আগারগাঁও, শেরে-বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd


"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০২.০০০০.৯২৭.১৪.০০৯.১৯.৮৭২ তারিখ: ৩/৯/2020

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন ইউনিট)
এলজিইডি,
সদর দপ্তর, ঢাকা।

বিষয়: "Program for Supporting Rural Bridges (SupRB)"-এর আওতায় ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজ বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: প্রকল্পের "Program Appraisal Document (PAD)"-এর ৯০ (e) নং অনুচ্ছেদ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জিওবি ও বিশ্বব্যাংকের যৌথ সহায়তায় বাস্তবায়িত "Program for Supporting Rural Bridges (SupRB)"-এর আওতায় Minor, Major, Rehabilitation, Capacity Expansion, Replacement এবং New Construction -এর অধীনে উপজেলা ও ইউনিয়ন সড়কসমূহে ৬মি. উর্দ্ধের ব্রিজ/কালভার্ট মেরামত এবং ব্রিজের পুন:নির্মাণ/নতুন নির্মাণ কাজ বাস্তবায়ন করা হবে। এলক্ষ্যে এলজিইডি'র ডিজাইন ইউনিটের সহায়তায় প্রকল্পের নির্ধারিত ক্যাটালগ অনুসারে ব্রিজ/কালভার্ট সমূহের পূর্তকাজের ধরণ এবং পুনর্বাসন/সক্ষমতা বৃদ্ধি/পুন:নির্মাণ/নতুন নির্মাণের ক্ষেত্রে প্লান ও ডিজাইন প্রনয়নের কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে।

উপরোক্ত বর্ণনার পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের গাইডলাইন অনুযায়ী নির্ধারিত শর্ত পালনের মাধ্যমে প্রতিটি স্কীমের কাজ বাস্তবায়নের পর আইএমইডি'র প্রত্যয়নপত্র সংগ্রহকরত: চূড়ান্ত বিল প্রদান করতে হবে। শর্তসমূহের ব্যত্যয় ঘটলে চূড়ান্ত বিল প্রদানে জটিলতা সৃষ্টি হবে। এরূপ কতিপয় শর্তসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ শর্ত হচ্ছে Structural Review (SR)-এর মাধ্যমে প্রকল্পের নির্ধারিত ক্যাটালগ অনুযায়ী বিদ্যমান ব্রিজ/কালভার্টের Type of Intervention (পূর্তকাজের ধরণ) নির্বাচন করা। এছাড়া সূত্রে উল্লেখিত অনুচ্ছেদ মোতাবেক ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজ বাস্তবায়নের ক্ষেত্রে ডিজাইন প্রনয়নের পূর্বে সাইটে স্থানীয় এলজিইডি'র ষ্টাফ ও প্রকল্পে কর্মরত মাঠ পর্যায়ের পরামর্শকবৃন্দের তত্ত্বাবধানে Public Consultation-এর মাধ্যমে ডিজাইন সংক্রান্ত নিম্নোক্ত ইস্যুসমূহের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করে রেজুলেশন প্রাপ্তিপূর্বক ডিজাইনের প্রস্তুতি গ্রহণ করতে হবে।

- Free board for facilitating movement of water transport;
- Any climate change related issues;
- Bridge location and Approach road;
- Inclusion of footpath in a bridge end;
- Inclusion of gender related requirement and
- Others issues (if necessary) governing bridge design parameters.

এমতাবস্থায়, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক Future Verification-এর স্বার্থে অত্র দপ্তরে ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজের প্লান ও ডিজাইনের সাথে Public Consultation-এর রেজুলেশন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া Major, Rehabilitation, Capacity Expansion, Replacement এবং New Construction-এর আওতায় ব্রিজের প্লান ও ডিজাইনের সাথে RSDMS Software-এর Bridge/Culvert Inspection ফর্ম পূরণ করত: ক্যাটালগ অনুযায়ী Structural Review কমিটি'র প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, সাইটে Public Consultation-এর সভার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নস্বাক্ষরকারী যে কোন ধরনের সহযোগিতা প্রদান করবেন।

**বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।**

২/৯/২০২০


(মো: শাহজাহান মোল্লা)
প্রকল্প পরিচালক
ও
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
ফোন: ০২-৯১২৯১০০
ই-মেইল: pd.suprb@lged.gov.bd


**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা ইউনিট), এলজিইডি, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগ: ........................।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চল: ........................।

**অনুলিপি কার্যার্থে:**

১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: ............................।
২। জনাব ভাস্কর কান্তি চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন ইউনিট ও আহ্বায়ক, SR Committee
৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: ......................., জেলা: .......................।
৪। Bridge Maintenance Engineer/Survey Specialist, অঞ্চল: .......................।
৫। Field Resident Engineer, জেলা: .......................।